# অর্থনীতি

## অর্থনীতি-১ম পত্র

## অধ্যায়-০১ : মৌলিক অর্থনৈতিক সমস্যা এবং এর সমাধান

### গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- অর্থনীতি এক ধরনের- **সামাজিক বিজ্ঞান।**
- মানুষের মৌলিক অর্থনৈতিক সমস্যা হলো- **দুষ্প্রাপ্যতা ও নির্বাচন।**
- অর্থনীতিতে দুষ্প্রাপ্যতা হলো- **সম্পদের স্বল্পতা বা অপ্রাচুর্যতা।**
- সম্পদ হলো- **দ্রব্য সামগ্রী, ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন।**
- সীমিত সম্পদ দিয়ে অসীম অভাব পূরণের জন্য মানুষকে যে কয়টি বিষয়ে নির্বাচন ককরতে হয়- **তিনটি।**
- মানুষের অভাব অসীম কিন্তু অভাব পূরণের উপকরণ- **সীমিত।**
- একটি দ্রব্যের অতিরিক্ত উৎপাদনের জন্য অপর দ্রব্যের উৎপাদন যতটুকু ছেড়ে দিতে হয় তাই হলো- **সুযোগ ব্যয়।**
- মানব জীবনের মৌলিক অর্থনৈতিক সমস্যা সমাধানের কর্মপর্যায়- **চারটি?**
- মানুষের সকল কর্মপ্রচেষ্টার মূল লক্ষ্য হলো- **অভাব পূরণ।**
- অর্থনৈতিক সমস্যা সমাধানের প্রথম পর্যায় হলো- **উৎপাদন।**
- অর্থনৈতিক সমস্যা সমাধানের শেষ পর্যায় হলো- **ভোগ।**
- দ্রব্য ভোক্তার কতটুকু অভাব পূরণ করবে তা নির্ভর করে- **বন্টনের ওপর।**
- ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় সবকিছুর নির্ধারক- **স্বয়ংক্রিয় দাম ব্যবস্থা বা মূল্য।**
- যে ধরনের অর্থব্যবস্থায় ভোক্তার স্বাধীনতা সর্বাধিক স্বীকৃত- **ধনতান্ত্রিক অর্থব্যবস্থায়।**
- ধনতান্ত্রিক অর্থ ব্যবস্থায় যে 'অদৃশ্য হস্ত' সবকিছু নিয়ন্ত্রণ করে তার নাম- **দাম ব্যবস্থা।**
- সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় সকল সম্পদের মালিক- **রাষ্ট্র।**
- যে অর্থনীতিতে সরকারি ও বেসরকারি উদ্যোগ পাশাপাশি অবস্থান করে তাকে বলে- **মিশ্র অর্থনীতি।**
- যে অর্থ ব্যবস্থায় সামাজিক নিয়ন্ত্রণ বজায় থাকে- **মিশ্র অর্থ ব্যবস্থায়।**
- বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদকাল- **১৯৭৩-৭৮।**

### গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

১. **অর্থনীতির যমজ সমস্যাদ্বয় কী?**
ক দুষ্প্রাপ্যতা ও নির্বাচন   খ দুষ্প্রাপ্যতা ও সীমাবদ্ধতা
গ অসীমতা ও নির্বাচন   ঘ স্বল্পতা ও প্রতিদ্বন্দ্বিতা

২. **একজন কৃষক গম উৎপাদন না করে ভুট্টা উৎপাদন করে। এখানে কৃষক ভুট্টা চাষের সিদ্ধান্ত নেয় কিসের ভিত্তিতে?**
ক চাহিদার ভিত্তিতে   খ যোগানের ভিত্তিতে
গ সুযোগ ব্যয়ের ভিত্তিতে   ঘ প্রয়োজনের ভিত্তিতে

৩. **মানুষ কখন মৌলিক অর্থনৈতিক সমস্যার সম্মুখীন হয়?**
ক অভাবের তুলনায় সম্পদ বেশি হলে
খ অভাব ও সম্পদ সমান হলে
গ সীমিত সম্পদ কিন্তু অভাব অসীম হলে
ঘ সীমিত সম্পদ ও সসীম অভাব হলে

৪. **মানুষের অভাব অসীম কিন্তু সম্পদ সীমিত, অতএব মানুষ অবশ্যই-**
ক সম্পদ বৃদ্ধি করবে   খ অভাব হ্রাস করবে
গ দ্রব্য ও সেবার ভোগ কমাবে
ঘ অসীম অভাব ও সীমিত সম্পদের মধ্যে সমন্বয় সাধনের চেষ্টা করবে

৫. **"অর্থনীতি এমন একটি বিজ্ঞান যা মানুষের অভাব এবং বিকল্প ব্যবহারযোগ্য অপ্রচুর/দুষ্প্রাপ্য সম্পদকে কেন্দ্র করে মানুষের আচরণ বিশ্লেষণ করে।" – উক্তিটি কার?**
ক মার্শাল   খ এল. রবিন্স
গ বেনহাম   ঘ কেয়ার্নক্রস

৬. **স্বয়ংক্রিয় দামব্যবস্থা কোন অর্থব্যবস্থায় দেখা যায়?**
ক সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায়   খ মিশ্র অর্থব্যবস্থায়
গ ইসলামি অর্থব্যবস্থায়   ঘ ধনতান্ত্রিক অর্থব্যবস্থায়

৭. **'The General Theory of Employment, Interest and Money' নামক গ্রন্থটি কে লিখেছেন?**
ক মার্শাল   খ জে. এম. কেইন্স
গ এল. রবিন্স   ঘ জি. এ্যাকলে

৮. **জাতীয় আয়, মোট জাতীয় উৎপাদন, মোট দেশজ উৎপাদন, অর্থনৈতিক প্রবৃদ্ধি প্রভৃতি বিষয় দ্বাদশ শ্রেণির ছাত্র রফিকের জানার আগ্রহের শেষ নেই। অর্থনীতি বিষয়ের শিক্ষক তাকে এ বিষয়গুলো খুব সুন্দর করে বুঝিয়ে দিলেন।**
**উপরিউক্ত ধারণাগুলো অর্থনীতিতে কোন শাখায় বিশ্লেষণ করা হয়?**
ক ব্যষ্টিক অর্থনীতিতে   খ সামষ্টিক অর্থনীতিতে
গ বাংলাদেশের অর্থনীতিতে   ঘ অর্থনীতির অভিধানে

৯. **এ্যাডাম স্মিথ অর্থনীতিকে কী বলেছেন?**
ক সম্পদের বিজ্ঞান   খ কল্যাণের বিজ্ঞান
গ স্বল্পতার বিজ্ঞান   ঘ সমস্যার বিজ্ঞান

১০. **বিশ্বে কয় ধরনের অর্থনৈতিক ব্যবস্থা প্রচলিত আছে?**
ক ২ ধরনের   খ ৩ ধরনের
গ ৪ ধরনের   ঘ ৫ ধরনের

১১. **অর্থনীতিতে 'অদৃশ্য হাত' ধারণাটির প্রবর্তক কে?**
ক রবিন্স   খ এ্যাডাম স্মিথ
গ স্যামুয়েলসন   ঘ মার্শাল

১২. **ATM-এর পূর্ণরূপ কী?**
ক Always Time Machine   খ Actute Teller Meachine
গ Automated Teller Machine
ঘ Always Teller Meachine

**উত্তরপত্র**

| | |
|---|---|
| ১. | ক |
| ২. | গ |
| ৩. | গ |
| ৪. | ঘ |
| ৫. | খ |
| ৬. | ঘ |
| ৭. | খ |
| ৮. | খ |
| ৯. | ক |
| ১০. | গ |
| ১১. | খ |
| ১২. | গ |

CamScanner

১৩. অর্থনীতির জনক কে?
ক ডেভিড রিকার্ডো   খ অ্যাডাম স্মিথ
গ অধ্যাপক মার্শাল   ঘ এল রবিন্স

১৪. কোন অর্থব্যবস্থায় সরকারের হস্তক্ষেপ নেই বললেই চলে?
ক ধনতান্ত্রিক   খ সমাজতান্ত্রিক
গ ইসলামি   ঘ মিশ্র

১৫. একজন ভোক্তা তার নিজের ইচ্ছা ও পছন্দ অনুযায়ী যে কোনো দ্রব্য ভোগ করতে পারে–
ক ইসলামি অর্থব্যবস্থায়   খ সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায়
গ ধনতান্ত্রিক অর্থব্যবস্থায়   ঘ মিশ্র অর্থব্যবস্থায়

১৬. উৎপাদন সম্ভাবনা রেখার সাহায্যে কয়টি মৌলিক সমস্যা ব্যাখ্যা করা যায়?
ক ৩টি   খ ৪টি   গ ৫টি   ঘ ৬টি

১৭. রুশ বিপ্লব ঘটেছিল কার নেতৃত্বে?
ক লেনিন   খ স্ট্যালিন
গ কার্ল মার্কস   ঘ এঙ্গেলস

১৮. ওশর আদায়ের হার কত?
ক ২.৫%   খ .৫%
গ ৫% থেকে ৭%   ঘ ৫% থেকে ১০%

১৯. 'The Principles of Economics' গ্রন্থটির রচয়িতা কে?
ক অমর্ত্য সেন   খ ক্যাসপার ক্লিন
গ অ্যাডাম স্মিথ   ঘ আলফ্রেড মার্শাল

২০. সামষ্টিক অর্থনীতিতে কোন ধরনের নিয়োগ ধরা হয়?
ক আংশিক নিয়োগ   খ পূর্ণ নিয়োগ
গ অপূর্ণ নিয়োগ   ঘ সামগ্রিক নিয়োগ

২১. কেন মানুষ সৃষ্টির আদিকাল থেকে স্বল্প সম্পদের দ্বারাই অভাব পূরণের চেষ্টা করে আসছে?
ক পরিশ্রম কম হয়ে থাকে   খ অভাব কম থাকে
গ সম্পদ সীমিত থাকে   ঘ অভাব বারবার থাকে

২২. নিচের কোনটি মানুষের মৌলিক চাহিদা নয়?
ক অন্ন   খ বস্ত্র   গ বন্ধুত্ব   ঘ বাসস্থান

২৩. 'An Essay on the Nature and Significance of Economics Science' গ্রন্থটি কার লেখা?
ক অধ্যাপক বেনহাম   খ অধ্যাপক এল রবিন্স
গ অধ্যাপক স্যামুয়েলসন   ঘ অ্যাডাম স্মিথ

২৪. নিচের কোনটি অর্থনীতির মূল বৈশিষ্ট্য?
ক অভাব অসীম   খ সম্পদ সীমিত
গ সম্পদের বিকল্প ব্যবহার   ঘ সবগুলো

উত্তর: ১৩. খ | ১৪. ক | ১৫. গ | ১৬. ক | ১৭. ক | ১৮. ঘ | ১৯. ঘ | ২০. খ | ২১. গ | ২২. গ | ২৩. খ | ২৪. ঘ | ২৫. ক | ২৬. ক | ২৭. খ | ২৮. গ | ২৯. ক | ৩০. গ | ৩১. গ

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নোত্তর বিশ্লেষণ

২৫. মূল দ্রব্যের দাম বৃদ্ধির ফলে বিকল্প দ্রব্যের চাহিদা— [N.U. 14-15]
ক বৃদ্ধি পায়   খ হ্রাস পায়
গ অপরিবর্তিত থাকে   ঘ উপরের কোনোটিই নয়

২৬. দ্যা ওয়েলথ অব নেশন্স বইটি লিখেছেন— [N.U. 14-15]
ক অ্যাডাম স্মিথ   খ ড. ইউনূস
গ কার্ল মার্কস   ঘ অমর্ত্য সেন

২৭. অর্থনীতির জনক কে? [N.U. 11-12, 13-14]
ক জন মেনার্ড কেইনস   খ অ্যাডাম স্মিথ
গ কার্ল মার্কস   ঘ টমাস ম্যালথাস

২৮. অর্থনীতিতে স্বল্পতা (scarcity) মানে— [N.U. 12-13]
ক সীমিত অভাব ও সীমিত সম্পদের মধ্যে পার্থক্য
খ কোনো অর্থনৈতিক কর্মকাণ্ডের মোট সুবিধা ও মোট খরচের মধ্যে পার্থক্য
গ সীমিত সম্পদ ও অসীম অভাবের মধ্যে পার্থক্য
ঘ কোনো অর্থনৈতিক কর্মকাণ্ডের সুযোগ ব্যয়

২৯. কেইনসীয় অর্থশাস্ত্র কোন সময়ের রচনা? [N.U. 11-12]
ক বিশ শতকের   খ আঠারো শতকের
গ উনিশ শতকের   ঘ একুশ শতকের

৩০. "অর্থনীতিতে সরকারের কোনো ভূমিকা থাকা ঠিক নয়।"– কে বলেছেন? [N.U. 10-11]
ক ড. ইউনূস   খ অমর্ত্য সেন
গ ফ্রিডম্যান   ঘ কেইনস

৩১. "অর্থনীতি সম্পদের বিজ্ঞান।"– কে বলেছেন? [N.U. 09-10]
ক ডেভিড রিকার্ডো   খ হার্বার্ট স্পেন্সার
গ অ্যাডাম স্মিথ   ঘ জে. এ. সুম্পিটার

## অধ্যায়-০২ : ভোক্তা ও উৎপাদকের আচরণ

### গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- গাণিতিক প্রক্রিয়ায় যেসব রাশি ভিন্ন ভিন্ন মান গ্রহণ করে তার নাম– **চলক।**
- চলক– **দুই প্রকার।**
- যে সকল রাশির মান সবসময় স্থির থাকে তাকে বলে– **ধ্রুবক।**
- চলকের সাথে ধ্রুবক ব্যবহৃত হলে তাকে কি বলে– **সহগ।**
- সঞ্চয় কীসের ওপর নির্ভরশীল– **আয়ের ওপর।**
- যে চলরাশি স্বাধীনভাবে মান গ্রহণ করতে পারে তাকে বলে– **স্বাধীন চলক।**
- স্বাধীন চলকের মানের ওপর নির্ভরশীল রাশি– **অধীন চলক।**
- লেখচিত্রে অক্ষ থাকে– **দুইটি।**
- স্থানাঙ্কের প্রথম সংখ্যাটিকে বলে– **ভুজ।**
- স্থানাঙ্কের দ্বিতীয় সংখ্যাটিকে বলে– **কোটি।**
- লেখচিত্রে মূল বিন্দুর স্থানাঙ্ক– **(০, ০)।**
- আপেক্ষিক মূল্য একটি– **গাণিতিক সমীকরণ।**
- দামের পরিবর্তনের সাথে চাহিদার পরিবর্তনের সম্পর্ক– **বিপরীতমুখী।**
- দামের সাথে যোগানের সম্পর্ক থাকে– **সমমুখী।**
- যোগান রেখার ঢাল– **ধনাত্মক।**
- ঢাল হলো- লম্ব ÷ ভূমি (লম্ব পরিবর্তন ÷ ভূমি পরিবর্তন = $\Delta Y/\Delta X$)।
- কোনো রেখার ঢাল অসীম হলে রেখাটি হবে– **উল্লম্ব।**
- রেখার ঢাল শূন্য হলে রেখাটি– **ভূমির সমান্তরাল হবে।**
- বক্র রেখার ঢাল নির্ণয় করতে কোনো বিন্দুতে যে সরলরেখা টানা হয় তাকে বলে– **স্পর্শক।**
- যে রেখার ঢাল বেশি সে রেখা– **বেশি খাড়া।**
- দাম ও চাহিদার মধ্যে সম্পর্ক প্রকাশ বিধিকে বলে– **চাহিদা বিধি।**
- কোন দ্রব্যের দাম বাড়লে চাহিদা– **কমে।**

- দ্রব্যের দাম কমলে চাহিদা— বাড়ে।
- দাম ও চাহিদার সম্পর্ক— বিপরীতমুখী।
- দ্রব্যের দাম বাড়লে কিন্তু দ্রব্যের চাহিদা বাড়ে, এই সকল দ্রব্যকে বলে— গিফেন দ্রব্য।
- গিফেন দ্রব্যগুলো হলো— মোটা চাল, ডাল, আলু, মোটা কাপড়।
- চাহিদা রেখার ভিত্তি— চাহিদাসূচি।
- চাহিদা— দুই প্রকার।
- ব্যক্তিগত চাহিদার সমষ্টি হলো— বাজার চাহিদা।
- 'ভোক্তার উদ্বৃত্ত' ধারণা প্রবক্তা— অধ্যাপক মার্শাল।

## গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

১. কোন রেখার ঢাল বেশি?
ক) যে রেখা যত বেশি খাড়া  খ) যে রেখা যত বেশি হেলানো
গ) যে রেখা ভূমির সমান্তরাল  ঘ) বামদিকে নিম্নগামী যে রেখা

২. অসীম স্থিতিস্থাপক চাহিদা রেখা কেমন?
ক) নিম্নগামী  খ) সমান্তরাল
গ) ঊর্ধ্বগামী  ঘ) ভূমি অক্ষের সমান্তরাল

৩. কোনো দ্রব্যের অতিরিক্ত এক একক ভোগের মাধ্যমে যে অতিরিক্ত উপযোগ সংযোজিত হয় বা পাওয়া যায়, তাকে কী বলে?
ক) সম্পদ  খ) উপযোগ
গ) প্রান্তিক উপযোগ  ঘ) অভাব

৪. যোগান বিধির গাণিতিক রূপ কোনটি?
ক) $\frac{dQ}{dP} = f'(p) > 0$  খ) $\frac{dQ}{dP} = f'(p) < 0$
গ) $\frac{dQ}{dP} = \infty$ (অসীম)  ঘ) $\frac{dQ}{dP} = 0$

৫. একটি চাহিদা অপেক্ষক $D = 20 - 4P$, এখন $P = 0$ হলে $D =$ কত হবে?
ক) 20  খ) 16  গ) 12  ঘ) 0

৬. রোমেল একটি দ্রব্যের প্রতি একক ১০ টাকা করে ৫টি ক্রয় করলো। পরবর্তীতে দ্রব্যটির দাম বেড়ে ১০০ টাকা হলে সে ঐ দ্রব্যের ৫টিই ক্রয় করলো। এক্ষেত্রে চাহিদা স্থিতিস্থাপকতার প্রকৃতি হবে–
ক) একক স্থিতিস্থাপক  খ) শূন্য স্থিতিস্থাপক
গ) অসীম স্থিতিস্থাপক  ঘ) এককের চেয়ে বেশি স্থিতিস্থাপক

৭. দ্রব্য ব্যবহারের মাধ্যমে আমরা কী গ্রহণ করি?
ক) তৃপ্তি  খ) অভাব  গ) বৃদ্ধি  ঘ) উপযোগ

৮. একজন ভোক্তা যদি পরপর ৩টি পাকা আম ভোগ করে এবং ১ম, ২য় ও ৩য় আম থেকে যথাক্রমে ৮ টাকা, ৭ টাকা ও ৬ টাকার সমান উপযোগ পায়, সেক্ষেত্রে তার মোট উপযোগ কী হবে?
ক) ৮ টাকা  খ) ১৩ টাকা  গ) ১৫ টাকা  ঘ) ২১ টাকা

৯. করিম ৪টি পেয়ারা কিনলো, এক্ষেত্রে ৪র্থ পেয়ারাটিকে কী বলা যায়?
ক) মোট পেয়ারা  খ) প্রান্তিক পেয়ারা
গ) ভোগকৃত পেয়ারা  ঘ) উপভোগ্য পেয়ারা

১০. ভোগকালীন সময়ে ভোক্তার আয় কীরূপ হলে প্রান্তিক উপযোগ না কমে বরং বাড়ে?
ক) কমলে  খ) অপরিবর্তিত থাকলে
গ) বাড়লে  ঘ) অসীম হলে

১১. অর্থনীতিতে চাহিদার শর্ত কয়টি?
ক) ২  খ) ৩  গ) ৪  ঘ) ৫

১২. ক্রেতার একটি পণ্য নির্দিষ্ট সময়ে ক্রয়ের আকাঙ্ক্ষা, সামর্থ্য এবং নির্দিষ্ট মূল্যে ক্রয়ের ইচ্ছাকে অর্থনীতিতে কী বলে?
ক) চাহিদা  খ) যোগান  গ) উপযোগ  ঘ) অভাব

১৩. চাহিদা রেখার স্থানান্তর বলতে কী বোঝায়?
ক) দাম পরিবর্তনের সাথে চাহিদার পরিবর্তন
খ) অন্যান্য অবস্থার পরিবর্তন
গ) চাহিদা ও যোগানের ভারসাম্য
ঘ) যোগানের পরিবর্তন

১৪. চাহিদা রেখা কীরূপ হয়?
ক) বাম থেকে ডানে ঊর্ধ্বগামী
খ) বাম থেকে ডানে নিম্নগামী
গ) বাম থেকে X অক্ষ বরাবর প্রসারিত
ঘ) বাম থেকে Y অক্ষ বরাবর প্রসারিত

১৫. যখন কোনো দ্রব্যের দাম কমে এবং তার ফলে চাহিদার পরিমাণ বৃদ্ধি পায় তখন তাকে চাহিদার কী বলে?
ক) পরিসরণ  খ) সংকোচন
গ) বিস্তৃতি  ঘ) সম্প্রসারণ

১৬. ধরি, কোনো একটি দ্রব্যের বাজারে দুইজন ক্রেতা, দ্রব্যের দাম যখন ৪ টাকা তখন প্রথম ক্রেতার চাহিদা ১৫ একক দ্রব্য এবং দ্বিতীয় ক্রেতার চাহিদা ১০ একক দ্রব্য। এক্ষেত্রে বাজার চাহিদা কত?
ক) ১৫ একক  খ) ২৫ একক
গ) ৩৫ একক  ঘ) ৪৫ একক

১৭. দুটি দ্রব্যের মধ্যে একটির ভোগ বাড়াতে হলে যদি অন্যটিরও ভোগ বাড়ে তবে তাকে কী দ্রব্য বলে?
ক) পরিপূরক দ্রব্য  খ) বিকল্প দ্রব্য
গ) জীবনযাত্রার মান  ঘ) ক্রেতার আয়

১৮. পেট্রোলের দাম কমলে গাড়ির চাহিদা বাড়ে – এটিকে কী বলা যায়?
ক) পরিবর্তক দ্রব্যের দাম  খ) পরিপূরক দ্রব্যের দাম
গ) ক্রেতার আয় বৃদ্ধি  ঘ) ব্যবসায় তেজী ভাব

১৯. Y চলক X এর ওপর নির্ভরশীল হলে অপেক্ষকটি কী হবে?
ক) $X = f(X)$  খ) $Y = f(X)$
গ) $f = Y(X)$  ঘ) $P = Qd(f)$

২০. চলক কত প্রকার?
ক) ২  খ) ৩  গ) ৪  ঘ) ৫

২১. মূল্য পরিবর্তনের ফলে যে হারে চাহিদার পরিমাণ বৃদ্ধি পায় তাকে চাহিদার কী বলে?
ক) বৃদ্ধি  খ) অস্থিতিস্থাপকতা
গ) স্থিতিস্থাপকতা  ঘ) হ্রাস

২২. দুটি সম্পর্কযুক্ত দ্রব্যের ক্ষেত্রে কোন স্থিতিস্থাপকতার পরিমাপ করা হয়?
ক) দাম স্থিতিস্থাপকতা  খ) আয় স্থিতিস্থাপকতা
গ) আড়াআড়ি স্থিতিস্থাপকতা  ঘ) একক স্থিতিস্থাপকতা

২৩. যোগান রেখা সাধারণত কোন দিকে গমন করে?
ক) বামদিক থেকে ডানদিকে নিম্নগামী
খ) বামদিক থেকে ডানদিকে ঊর্ধ্বগামী
গ) U আকৃতির  ঘ) নিম্নগামী হয়

| | |
|---|---|
| ১. ক | ১৩. ক |
| ২. ঘ | ১৪. খ |
| ৩. গ | ১৫. ঘ |
| ৪. ক | ১৬. খ |
| ৫. ক | ১৭. ক |
| ৬. খ | ১৮. ঘ |
| ৭. ঘ | ১৯. খ |
| ৮. ঘ | ২০. ক |
| ৯. খ | ২১. গ |
| ১০. গ | ২২. গ |
| ১১. খ | ২৩. খ |
| ১২. ক | |

২৪. দাম ও যোগানের সম্পর্ক কীরূপ?
ⓚ বিপরীতমুখী ⓛ সর্বত্র সমান নয়
ⓜ সমমুখী
ⓝ উভয়ই ভোক্তার চাহিদার ওপর নির্ভরশীল

২৫. নিচের কোনটি যোগান সমীকরণ?
ⓚ $D = 10-2p$ ⓛ $S = 10 + 5p$
ⓜ $S = f(d)$ ⓝ $S = D^z+p^b$

## ☑ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নোত্তর রিচার্স

২৬. ধরা যাক, একটি দ্রব্যের দাম ১০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ১৮ টাকা হলো এবং চাহিদার পরিমাণ ৫০ একক থেকে হ্রাস পেয়ে ৪০ একক হলো, তাহলে চাহিদার স্থিতিস্থাপকতা— [N.U. 14-15]
ⓚ ০.২৫ ⓛ –০.২৫ ⓜ ২.৫০ ⓝ –২.৫০

২৭. অটোমোবাইলস-এর দাম বাড়লে অকটেন-এর চাহিদা রেখার কী পরিবর্তন হতে পারে? [N.U. 14-15]
ⓚ বামে শিফ্ট করবে ⓛ ডানে শিফ্ট করবে
ⓜ ঢাল কমে যাবে ⓝ ঢাল বেড়ে যাবে

২৮. নিচের কোনটি চাহিদার নির্ধারক নয়? [N.U. 14-15]
ⓚ আয় ⓛ দাম ⓜ রুচি ⓝ প্রযুক্তি

২৯. চাহিদা রেখা ডানদিকে স্থানান্তরিত হলে ভারসাম্য দাম— [N.U. 13-14]
ⓚ বৃদ্ধি পায় ⓛ হ্রাস পায়
ⓜ অপরিবর্তিত থাকে ⓝ উপরের কোনোটি নয়

৩০. চাহিদার স্থিতিস্থাপকতা বলতে বুঝায়— [N.U. 13-14]
ⓚ দামের পরিবর্তনের কারণে চাহিদার পরিবর্তন
ⓛ চাহিদার পরিবর্তনের কারণে দামের পরিবর্তন
ⓜ চাহিদার শতকরা পরিবর্তনের ফলে দামের শতকরা পরিবর্তন
ⓝ দামের শতকরা পরিবর্তনের ফলে চাহিদার শতকরা পরিবর্তন

৩১. পরিপূরক দ্রব্যের দাম বৃদ্ধির ফলে মূল দ্রব্যের চাহিদা— [N.U. 13-14]
ⓚ বৃদ্ধি পায় ⓛ হ্রাস পায়
ⓜ অপরিবর্তিত থাকে ⓝ কোনোটি নয়

৩২. চিনির চাহিদা বাড়লে এবং একই সময়ে এর সরবরাহ কমলে— [N.U. 12-13]
ⓚ দাম অবশ্যই বাড়বে, তবে পরিমাণের পরিবর্তন নিশ্চিত করে বলা যাবে না
ⓛ দাম অবশ্যই কমবে, তবে পরিমাণের পরিবর্তন নিশ্চিত করে বলা যাবে না
ⓜ পরিমাণ অবশ্যই কমবে, তবে দামের পরিবর্তন নিশ্চিত করে বলা যাবে না
ⓝ পরিমাণ অবশ্যই বাড়বে, তবে দামের পরিবর্তন নিশ্চিত করে বলা যাবে

৩৩. অর্থনীতিতে একটি গণদ্রব্য হলো— [N.U. 12-13]
ⓚ সরকার কর্তৃক উৎপাদিত যেকোনো দ্রব্য
ⓛ যে দ্রব্য সামাজিকভাবে উৎপাদন করলে খরচ কম পড়ে, ব্যক্তিগতভাবে উৎপাদনের তুলনায়
ⓜ যে দ্রব্য বাজার কর্তৃক কাম্য পরিমাণে সরবরাহ করা হয়
ⓝ যে দ্রব্যের ভোগ থেকে ভোক্তাকে বিরত রাখা যায় না, ভোক্তা কোনো টাকা পরিশোধ না করলেও

৩৪. চাহিদা রেখার স্থানান্তর বলতে বুঝায়— [N.U. 11-12]
ⓚ দাম পরিবর্তনের সঙ্গে চাহিদার পরিবর্তন
ⓛ অন্যান্য অবস্থার পরিবর্তন
ⓜ চাহিদা ও যোগানের ভারসাম্য
ⓝ যোগানের পরিবর্তন

উত্তর: ২৪. গ | ২৫. খ | ২৬. ক | ২৭. খ | ২৮. ঘ | ২৯. ক | ৩০. ঘ | ৩১. খ | ৩২. ক | ৩৩. ঘ | ৩৪. ক | ৩৫. ঘ | ৩৬. ঘ | ৩৭. খ | ৩৮. গ | ৩৯. ক | ❖ | ১. খ | ২. ক

৩৫. যোগানের পেছনে কোন উপাদানটি কাজ করে? [N.U. 11-12]
ⓚ ভোক্তার আয় ⓛ বিজ্ঞাপন
ⓜ ভোক্তার পছন্দ ⓝ কোনোটিই নয়

৩৬. প্রান্তিক উপযোগ শূন্য হয় যখন মোট উপযোগ— [N.U. 11-12]
ⓚ শূন্য ⓛ সর্বনিম্ন ⓜ অসীম ⓝ সর্বোচ্চ

৩৭. অসীম স্থিতিস্থাপক চাহিদা রেখা— [N.U. 11-12]
ⓚ নিম্নগামী ⓛ সমান্তরাল
ⓜ ঊর্ধ্বগামী ⓝ কোনোটিই নয়

৩৮. কোন দ্রব্যের চাহিদা রেখা ঊর্ধ্বগামী? [N.U. 09-10]
ⓚ সাধারণ দ্রব্য ⓛ পরিপূরক দ্রব্য
ⓜ গিফেন দ্রব্য ⓝ একটিও না

৩৯. কোন দ্রব্য দুটির আড়াআড়ি স্থিতিস্থাপকতা শূন্য? [N.U. 09-10]
ⓚ টিভি ও চিনি ⓛ চা ও কফি
ⓜ কলম ও পেন্সিল ⓝ কোক ও সেভেন আপ

# অধ্যায়–০৩ : উৎপাদন, উৎপাদন ব্যয় ও আয়

## ☑ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- অর্থনীতিতে উৎপাদনের উপকরণ চার প্রকার যথা– ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন। কিন্তু আধুনিক অর্থনীতিবিদগণ উৎপাদনের পঞ্চম উপাদান হিসেবে প্রযুক্তিকে চিহ্নিত করেন।
- উৎপাদনের সবচেয়ে গতিশীল উপাদান– **শ্রম**।
- উৎপাদনের যাবতীয় ঝুঁকি বহন করে– **সংগঠন**।
- উৎপাদনের অপেক্ষক হলো, **$Q = f(L, K)$**
- অর্থনীতিতে উৎপাদণ বলতে বোঝায়– **উপযোগ সৃষ্টি**।
- কোনো দ্রব্যের প্রতি এককের মূল্যই হলো– **গড় আয়**।
- কোনো উৎপাদিত দ্রব্য বিক্রি করে ফার্ম যে পরিমাণ অর্থ লাভ করে তাকে বলা হয়– **মোট আয়**।
- কোনো দ্রব্যের অতিরিক্ত এক একক বিক্রি করে যে অতিরিক্ত আয় পাওয়া যায় তাকে বলা হয়– **প্রান্তিক আয়**।
- গড় ব্যয় পাওয়া যায়- **মোট ব্যয় (TC) কে দ্রব্যের পরিমাণ Q দ্বারা ভাগ করে**।
- কোনো ফার্মের ব্যবহৃত উপকরণ এবং বস্তুগত উৎপাদনের মধ্যকার কারিগরি সম্পর্ককে বলা হয়– **উৎপাদন আপেক্ষক**।
- TVC ও TFC এর সমষ্টিকে বলা হয়– **TC**।
- AC রেখার আকৃতি হলো– **U আকৃতি**।
- প্রান্তিক উৎপাদন শূন্য হলে মোট উৎপাদন **সর্বোচ্চ হয়**।
- উৎপাদনের জীবন্ত উপকরণ হলো– **শ্রম**।

## ☑ গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

১. মোট ব্যয়ের পরিবর্তন ($\Delta TC$) ÷ উৎপাদনের পরিমাণের পরিবর্তন ($\Delta Q$) = কত?
ⓚ দাম (P) ⓛ প্রান্তিক ব্যয় (MC)
ⓜ গড় ব্যয় (AC) ⓝ প্রান্তিক আয় (MR)

২. মোট আয়ের পরিবর্তনকে মোট উৎপাদনের পরিবর্তনের মান দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?
ⓚ প্রান্তিক আয় (MR) ⓛ আয় (AR)
ⓜ দাম (P) ⓝ মোট রাজস্ব (TR)

CamScanner

৩. পরিবর্তনশীল উপকরণের এক একক বৃদ্ধির ফলে মোট উৎপাদনের যে পরিবর্তন ঘটে, তাকে কী বলে?
ⓚ প্রান্তিক উৎপাদন ⓚ মোট উৎপাদন
ⓖ প্রান্তিক আয় ⓖ গড় উৎপাদন

৪. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে প্রান্তিক আয় (MR) রেখার আকৃতি হয়—
ⓚ বাম দিক থেকে ডান দিকে নিম্নগামী
ⓚ বাম দিক থেকে ডানদিকে AR রেখার উপর দিয়ে নিম্নগামী
ⓖ ভূমি অক্ষের সাথে সমান্তরাল
ⓖ লম্ব অক্ষের সাথে সমান্তরাল

৫. সাধারণ অর্থে উৎপাদন কাকে বলে?
ⓚ কোনো কিছু সৃষ্টি করাকে ⓚ উৎপাদন বৃদ্ধি করা
ⓖ বিক্রয়ের জন্যে নিয়ে আসা ⓖ উপযোগ সৃষ্টি করা

৬. কোনো দ্রব্যের উপযোগ সংযোজনের ফলে কী বৃদ্ধি পায়?
ⓚ প্রান্তিক উপযোগ ⓚ মোট উপযোগ
ⓖ দ্রব্যের চাহিদা ⓖ বিনিময় মূল্য

৭. উৎপাদনের কোন উপকরণের যোগান স্থায়ীভাবে সীমাবদ্ধ?
ⓚ ভূমি ⓚ শ্রম ⓖ মূলধন ⓖ সংগঠন

৮. নিচের কোনটি সঠিক?
ⓚ MP এবং MC-এর মধ্যে কোনো সম্পর্ক নেই
ⓚ AP বাড়লে MC কমে এবং AP কমলে MC বাড়ে
ⓖ MP বাড়লে MC বাড়ে এবং MP কমলে MC কমে
ⓖ MP বাড়লে MC কমে এবং MP কমলে MC বাড়ে

৯. প্রান্তিক উৎপাদন গড় উৎপাদনের চেয়ে বেশি থাকলে গড় উৎপাদন কেমন হবে?
ⓚ কমে ⓚ বাড়ে
ⓖ অপরিবর্তিত থাকে ⓖ প্রান্তিক উৎপাদনের সমান হয়

১০. মূলধন নিবিড় প্রযুক্তি কোনটি?
ⓚ (মূলধন)$^2$ ⓚ শ্রম > মূলধন
ⓖ মূলধন > শ্রম ⓖ মূলধন = শ্রম

১১. কোনটি কব-ডগলাস উৎপাদন অপেক্ষক?
ⓚ $Q = Ak^{\rho}L^{1-\rho}$
ⓚ $Q = A[\delta k^{\rho} + (1-\delta)L^{-\rho}]^{\frac{1}{2}}$
ⓖ $Q = AL^{\alpha}K^{\beta}$
ⓖ $Q = m - ar^{x}$

১২. খাতভিত্তিক উৎপাদন অপেক্ষক কত প্রকার?
ⓚ ২ প্রকার ⓚ ৩ প্রকার ⓖ ৪ প্রকার ⓖ ৫ প্রকার

১৩. উৎপাদন বিধি কীসের পরিমাণ নির্দেশ করে?
ⓚ চাহিদার পরিমাণ ⓚ যোগানের পরিমাণ
ⓖ উৎপাদনের পরিমাণ ⓖ সঞ্চয়ের পরিমাণ

১৪. যদি স্বল্পমেয়াদে একটি কারখানার মোট উৎপাদন বৃদ্ধি পায়, নিচের কোনটি ঘটতে পারে?
ⓚ প্রান্তিক উৎপাদন অবশ্যই বৃদ্ধি পাবে
ⓚ প্রান্তিক উৎপাদন অবশ্যই হ্রাস পাবে
ⓖ প্রান্তিক উৎপাদন বৃদ্ধি অথবা হ্রাস পেতে পারে
ⓖ গড় উৎপাদন অবশ্যই বৃদ্ধি পাবে

১৫. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিতে প্রাথমিক অবস্থায় মোট উৎপাদন কী হারে বাড়ে?
ⓚ ক্রমবর্ধমান ⓚ ক্রমহ্রাসমান
ⓖ স্থির ⓖ ঋণাত্মক

১৬. মাত্রাগত উৎপাদন কত প্রকার?
ⓚ ২ প্রকার ⓚ ৩ প্রকার ⓖ ৪ প্রকার ⓖ ৫ প্রকার

১৭. দীর্ঘকালে LTC = কত?
ⓚ TFC ⓚ TVC
ⓖ TF + TVC ⓖ TC

১৮. মোট ব্যয় থেকে পরিবর্তনশীল ব্যয় বাদ দিলে কী পাওয়া যায়?
ⓚ গড় স্থির ব্যয় ⓚ মোট স্থির ব্যয়
ⓖ গড় পরিবর্তনশীল ব্যয় ⓖ প্রান্তিক ব্যয়

১৯. দীর্ঘকালীন গড় ব্যয় রেখা কী আকৃতির হয়?
ⓚ বই ⓚ এনভেলপ ⓖ U ⓖ V

২০. গড় ব্যয় রেখা (AC) সর্বনিম্ন অবস্থায় কোনটি ঘটে?
ⓚ AC > MC ⓚ AC = MC
ⓖ MC > AC ⓖ MC ÷ AC

২১. নিচের কোনটি প্রান্তিক খরচ?
ⓚ $\frac{TC}{Q}$ ⓚ ২০
ⓖ TFC+TVC ⓖ $\frac{TFC}{Q}$

২২. যদি প্রান্তিক ব্যয়—
ⓚ কমে তাহলে গড় মোট ব্যয় অবশ্যই কমে
ⓚ বাড়ে তাহলে গড় মোট ব্যয় অবশ্যই বাড়ে
ⓖ বাড়ে তাহলে গড় মোট ব্যয় অবশ্যই কমতে অথবা বাড়তে পারে
ⓖ কমে তাহলে গড় মোট ব্যয় অবশ্যই কমতে অথবা বাড়তে পারে

২৩. যে বাজারে দাম P = AR = MR হয় তাকে বলে—
ⓚ দাম রক্ষাকারী ⓚ দাম গ্রহীতার
ⓖ দাম সংরক্ষণকারি বাজার ⓖ দাম ভঙ্গকারীর বাজার

২৪. নিচের কোনটি মোট ব্যয়?
ⓚ P X Q ⓚ $\frac{TR}{Q}$
ⓖ $\frac{\Delta TR}{\Delta Q}$ ⓖ TFC + TVC

## ☑ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নোত্তর রিচার্স

২৫. নিচের কোন স্টেটমেন্টটি স্বল্পমেয়াদের জন্য সঠিক? [N.U. 14-15]
ⓚ মোট খরচ = পরিবর্তনশীল খরচ – স্থির খরচ
ⓚ মোট খরচ = পরিবর্তনশীল খরচ
ⓖ মোট খরচ = পরিবর্তনশীল খরচ + স্থির খরচ
ⓖ মোট খরচ = গড় পরিবর্তনশীল খরচ – গড় স্থির খরচ

২৬. উৎপাদন সম্ভাবনা রেখা— [N.U. 14-15]
ⓚ ঊর্ধ্বগামী ⓚ নিম্নগামী
ⓖ ভূমির সমান্তরাল ⓖ ভূমির সাথে লম্ব

**উত্তরমালা**
৩. ক
৪. গ
৫. ঘ
৬. ঘ
৭. ক
৮. ঘ
৯. খ
১০. গ
১১. গ
১২. ক
১৩. গ
১৪. গ
১৫. ক
১৬. খ
১৭. খ
১৮. ক
১৯. খ
২০. খ
২১. খ
২২. গ
২৩. খ
২৪. ঘ
২৫. গ
২৬. খ

CamScanner

**২৭. সম্পদের পরিমাণ বৃদ্ধির কারণে উৎপাদন সম্ভাবনা রেখার কি হয়?** [N.U. 13-14]

ক) উৎপাদন সম্ভাবনা রেখা ডানদিকে স্থানান্তর হয়
খ) উৎপাদন সম্ভাবনা রেখা বামদিকে স্থানান্তর হয়
গ) উৎপাদন সম্ভাবনা রেখার এক বিন্দু থেকে আরেক বিন্দুতে স্থানান্তর ঘটে
ঘ) উপরের কোনোটি নয়

**২৮. ব্যক্তির আয় বৃদ্ধি পেলে দ্রব্যের চাহিদারেখার কি হয়?** [N.U. 13-14]

ক) চাহিদা রেখা বামদিকে স্থানান্তর হয়
খ) একই চাহিদা রেখার এক বিন্দু থেকে আরেক বিন্দুতে স্থানান্তর হয়
গ) চাহিদা রেখা ডানদিকে স্থানান্তর হয়
ঘ) উপরের কোনোটি নয়

**২৯. কোনটি স্থির ব্যয়?** [N.U. 11-12]

ক) স্থায়ী নিরাপত্তাকর্মীর বেতন খ) সুদ
গ) মজুরি ঘ) কোনোটিই নয়

**৩০. উৎপাদন ব্যয় কমে গেলে—** [N.U. 10-11]

ক) চাহিদা বাড়ে খ) যোগান বাড়ে
গ) চাহিদা কমে ঘ) যোগান কমে

**৩১. মোট উৎপাদন যখন সর্বোচ্চ—** [N.U. 10-11]

ক) প্রান্তিক উৎপাদন তখন শূন্য
খ) প্রান্তিক উৎপাদন তখন ধনাত্মক
গ) গড় উৎপাদন তখন শূন্য
ঘ) কোনোটিই নয়

## অধ্যায়-০৪ : বাজার

### ☑ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সাধারণ অর্থে বাজার বলতে— **পণ্য কেনা-বেচার নির্দিষ্ট স্থানকে বোঝায়।**
- কোনো নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট দামে ক্রেতা ও বিক্রেতার মধ্যে পণ্য ক্রয়-বিক্রয় হলে তাকে বলে— **বাজার।**
- সময়ের ভিত্তিতে বাজার কত প্রকার— **চার প্রকার।**
- অতিস্বল্পকালীন বাজারের পণ্য হলো— **মাছ, দুধ, শাকসবজি।**
- কোন ধরনের বাজারে চাহিদা ও জোগানের মধ্যে সামঞ্জস্য বজায় থাকে— **দীর্ঘকালীন বাজার।**
- আয়তনের দিক থেকে বাজার— **তিন প্রকার।**
- আয়তনের ভিত্তিতে বাজারগুলো হলো— **স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক বাজার।**
- যেসব দ্রব্যের বাজার নির্দিষ্ট এলাকার মধ্যে সীমাবদ্ধ থাকে তাকে বলে— **স্থানীয় বাজার।**
- কোনটি স্থানীয় বাজারের পণ্য— **মাছ, ডিম এবং শাক ও সবজি।**
- যেসব দ্রব্যের বাজার দেশজুড়ে বিস্তৃত থাকে তাকে বলে— **জাতীয় বাজার।**
- আন্তর্জাতিক বাজারের পণ্য— **পাট, চা, স্বর্ণ ও রূপা।**
- প্রতিযোগিতার ভিত্তিতে বাজার কয় প্রকার— **দুই প্রকার।**
- যে বাজারে অধিক সংখ্যক ক্রেতা ও বিক্রেতা থাকে তাকে বলে— **পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার।**
- যে বাজারে বিক্রেতার সংখ্যা কম তাকে বলে— **অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজার।**
- যে বাজারে একজন মাত্র বিক্রেতা থাকে তাকে বলে— **একচেটিয়া বাজার।**
- কোনো বাজারে বহুসংখ্যক বিক্রেতা যখন একই জাতীয় কিন্তু পৃথকীকৃত দ্রব্য বিক্রয় করে তখন তাকে বলে— **একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার।**
- মুষ্টিমেয় সংখ্যক উৎপাদক প্রতিষ্ঠান যখন একটি দ্রব্য উৎপাদন ও সরবরাহ করে তখন তাকে বলে— **অলিগোপলি বাজার।**
- কোনো পণ্যের জোগান দুজন মাত্র বিক্রেতা নিয়ন্ত্রণ করলে তাকে কি ধরনের বাজার বলে— **ডুয়োপলি বাজার।**
- অধিক বিক্রেতা ও একজন ক্রেতা থাকলে তাকে কি ধরনের বাজার বলে— **মনোপসনি বাজার।**
- কোনো বাজারে একজন মাত্র বিক্রেতা ও একজন মাত্র ক্রেতা থাকলে তাকে বলে— **দ্বিপাক্ষিক একচেটিয়া বাজার।**
- শ্রমিকের মজুরি, জমির খাজনা, মূলধনের সুদ বাবদ যে অর্থ ব্যয় করে তা— **মোট ব্যয়।**
- মোট ব্যয়ের অংশ— **২টি।**
- কোনো দ্রব্যের প্রতি এককের উৎপাদন ব্যয়কে বলে— **গড় ব্যয়।**
- গড় ব্যয় রেখার আকৃতি— **U আকৃতির।**
- উৎপাদন বৃদ্ধি পেলে গড় স্থির ব্যয়— **হ্রাস পায়।**

### ☑ গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

**১. দাম সৃষ্টিকারী (Price Maker) বাজার কোনটি?**

ক) পূর্ণ প্রতিযোগিতা খ) একচেটিয়া বাজার
গ) স্থানীয় বাজার ঘ) আন্তর্জাতিক বাজার

**২. নির্দিষ্ট সময়ে, স্থানে ও দামে ক্রেতা বিক্রেতার মধ্যে কোনো দ্রব্য সেবার দরকষাকষির মাধ্যমে যে পরিবেশের উদ্ভব হয়, তাকে কী বলে?**

ক) ভারসাম্য খ) বাজার গ) সাম্য ঘ) স্থিতিসাম্য

**৩. যে বাজারে বহুসংখ্যক বিক্রেতা সম্পূর্ণ এক না হলেও প্রায় একই ধরনের দ্রব্য বিক্রয় করে তাকে কোন বাজার বলে?**

ক) একচেটিয়া বাজার
খ) একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার
গ) অলিগোপলি বাজার ঘ) ডুয়োপলি বাজার

**৪. একচেটিয়া ফার্মের বা শিল্পের ভারসাম্যের প্রথম ও প্রয়োজনীয় শর্ত কী?**

ক) MR = MC খ) MR > MC
গ) MR < MC ঘ) AR > MC

**৫. চিত্রটি কীরূপ বাজার নির্দেশ করে?**




ক) পূর্ণ প্রতিযোগিতামূলক খ) একচেটিয়া
গ) ডুয়োপলি ঘ) অলিগোপলি

**৬. নিচের কোনটির ওপর একচেটিয়া কারবারির নিয়ন্ত্রণ নেই?**

ক) দ্রব্যের যোগান খ) দ্রব্যের চাহিদা
গ) দ্রব্যের দাম ঘ) নতুন উৎপাদনকারীর প্রবেশ

উত্তরমালা: ২৭. ক, ২৮. গ, ২৯. ক, ৩০. খ, ৩১. ক; ১. খ, ২. খ, ৩. খ, ৪. ক, ৫. ক, ৬. খ

৭. সরকারের কোন নীতির কারণে বিনিয়োগ হ্রাস পায় ফলে বাজার সংকীর্ণ হয়?
ক নমুনাকরণ নীতি খ বাণিজ্য নীতি
গ আর্থিক নীতি ঘ প্রচারণা নীতি

৮. যে দ্রব্যের ক্রয়-বিক্রয় অতি স্বল্প সময়ের মধ্যে সম্পন্ন হয় তাকে কোন বাজার বলে?
ক স্বল্পকালীন বাজার খ অতি স্বল্পকালীন বাজার
গ দীর্ঘকালীন বাজার ঘ অতি দীর্ঘকালিন বাজার

৯. কোন বাজারে চাহিদার ব্যাপক পরিবর্তনের আশঙ্কা থাকে?
ক স্বল্পকালীন বাজার খ অতি স্বল্পকালীন বাজার
গ দীর্ঘকালীন বাজার ঘ অতি দীর্ঘকালীন বাজার

১০. পূর্ণ প্রতিযোগিতার বাজারে কোনটি শিল্পের ভারসাম্য শর্ত?
ক S = D খ MR < MC < P
গ P = AR = MR ঘ MR = MC

১১. কোন বাজারের ক্রেতা-বিক্রেতারা বাজার সম্বন্ধে পূর্ণ জ্ঞান রাখে?
ক অলিগোপলি খ ডুয়োপলি
গ মনোপলি ঘ পূর্ণ প্রতিযোগিতা

১২. পূর্ণ প্রতিযোগিতার বাজারে দীর্ঘমেয়াদে শিল্প কেমন মুনাফা অর্জন করে?
ক সর্বনিম্ন খ সর্বোচ্চ
গ অস্বাভাবিক ঘ স্বাভাবিক

১৩. পূর্ণপ্রতিযোগিতার বাজারে AR ও MR রেখা কোনদিকে গমন করে?
ক ডানদিকে উর্ধ্বগামী
খ ডানদিকে ভূমি অক্ষের সমান্তরাল
গ বামদিকে নিম্নগামী ঘ লম্ব অক্ষে সমান্তরাল

১৪. সাধারণত কৃষিজাত দ্রব্যের যোগান কেমন?
ক স্থিতিস্থাপক খ অস্থিতিস্থাপক
গ দাম স্থিতিস্থাপক ঘ আড়াআড়ি স্থিতিস্থাপক

১৫. একচেটিয়া বাজারের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
ক AR = MR খ MR < AR
গ MR > AR ঘ AR = MR = P

১৬. কোন বাজারে ফার্ম ও শিল্পের মধ্যে কোনো পার্থক্য নেই?
ক পূর্ণ প্রতিযোগিতার বাজারে
খ দুজন বিক্রেতার বাজারে
গ কয়েকজন বিক্রেতার বাজারে
ঘ একচেটিয়া বাজারে

১৭. কোন বাজারে পরিবর্তক দ্রব্য থাকে না?
ক একচেটিয়া খ অলিগোপলি
গ মনোপসনি ঘ ডুয়োপলি

১৮. যে বাজারে একজন বিক্রেতা থাকে তাকে – বলে।
ক পূর্ণ প্রতিযোগিতার বাজার
খ অপূর্ণ প্রতিযোগিতার বাজার
গ একচেটিয়া বাজার
ঘ ডুয়োপলি বাজার

১৯. কোন বাজারে নতুন ফার্ম প্রবেশের কোনো সুযোগ নেই?
ক পূর্ণপ্রতিযোগিতা খ একচেটিয়া
গ অলিগোপলি ঘ ডুয়োপলি

২০. একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজারের গড় আয়, চাহিদা রেখা কোন দিকে গমন করে?
ক ডানদিকে নিম্নগামী খ ডানদিকে ঊর্ধ্বগামী
গ বামদিকে নিম্নগামী ঘ বামদিকে ঊর্ধ্বগামী

২১. বাস্তবে বাংলাদেশে কোন বাজার লক্ষ করা যায়?
ক পূর্ণ প্রতিযোগিতার বাজার
খ মনোপলি বাজার
গ একচেটিয়ামূলক প্রতিযোগিতা বাজার
ঘ দ্বি-পাক্ষিক একচেটিয়া বাজার

২২. অলিগোপলি বাজারে বিক্রেতার সংখ্যা কত থাকে?
ক ২ জন খ ১০ জন
গ ২-এর অধিক ঘ ২ থেকে ১০ জন

২৩. একটি দ্রব্য উৎপাদনে একই ব্যবস্থাপনায় কতগুলো ইউনিট বা এককগুলোকে কী বলে?
ক ফার্ম খ শিল্প গ প্লান্ট ঘ উপবিভাগ

২৪. সোনালী জুট মিলে কেউ পাট ক্রয় করে, কেউ দড়ি তৈরি করে, কেউ বস্তা তৈরি করে। এই সবগুলো ইউনিট মিলে কী গঠিত হয়?
ক ফার্ম খ পাটশিল্প গ মিল ঘ প্লান্ট

২৫. আধুনিক পদ্ধতিতে ভারসাম্য বা মুনাফা সর্বোচ্চকরণের ১ম বা প্রয়োজনীয় শর্ত কোনটি?
ক TR > TC খ MR = MC
গ MR রেখার ঢাল < MC রেখার ঢাল
ঘ মোট আয় ও মোট ব্যয়ের পার্থক্য সর্বাধিক

২৬. ফার্মের ভারসাম্য বিন্দুতে কয়টি শর্ত পালিত হয়?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

২৭. অস্বাভাবিক মুনাফা অর্জনের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?
ক P = AC খ P > AC
গ AC > P>AVC ঘ MR = M

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নোত্তর রিচার্জ

২৮. কোন বাজার ব্যবস্থায় নতুন ফার্মের প্রবেশাধিকার নেই? [N.U. 13-14]
ক একচেটিয়া বাজার
খ পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার
গ একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার
ঘ উপরের কোনোটি নয়

২৯. দুইটি পণ্যের পরস্পর সম্পূরক হতে হলে নিচের কোনটি সত্য হবে? [N.U. 12-13]
ক একটি পণ্যের দাম বাড়লে অন্যটির চাহিদা বাড়বে
খ একটি পণ্যের দাম বাড়লে অন্যটির চাহিদা কমবে
গ একটি পণ্যের দাম বাড়লে অন্যটির দাম কমবে
ঘ পণ্য দুইটি পরস্পর বিকল্প নয়

৩০. নিচের কোনটি পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের বৈশিষ্ট্য নয়? [N.U. 12-13]
ক অসংখ্য ক্রেতা ও বিক্রেতা খ পণ্য বৈচিত্র্য
গ ফার্ম দাম গ্রহীতা ঘ দাম প্রান্তিক খরচের সমান

উত্তর
৭. গ
৮. খ
৯. ঘ
১০. গ
১১. ঘ
১২. ঘ
১৩. ঘ
১৪. ক
১৫. খ
১৬. ঘ
১৭. ক
১৮. গ
১৯. খ
২০. ক
২১. গ
২২. ঘ
২৩. গ
২৪. ক
২৫. খ
২৬. ক
২৭. খ
২৮. ক
২৯. খ
৩০. গ

CamScanner

৩১. বাজারকে যখন সীমিত সংখ্যক প্রতিষ্ঠান নিয়ন্ত্রণ করে, এমন বাজারকে বলে— [N.U. 10-11]
ⓚ একচেটিয়া বাজার ⓚ প্রতিযোগিতামূলক বাজার
ⓖ অলিগোপলি বাজার ⓖ মনোপলিস্টিক বাজার

৩২. কোন বাজারে দাম = প্রান্তিক ব্যয়? [N.U. 09-10]
ⓚ একচেটিয়া বাজার ⓚ পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার
ⓖ অলিগোপলি বাজার ⓖ মনোপসনি বাজার

## অধ্যায়-০৫ : শ্রমবাজার

### ☑ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সাধারণ অর্থে মজুরি- **শ্রমিকের পারিশ্রমিক।**
- উৎপাদনের উপাদান হিসেবে কোনো শ্রমিক উৎপাদনের যে সেবার জোগান দেয় তার দামকে বলে- **মজুরি।**
- মজুরিকে 'শ্রমের দাম' হিসেবে অভিহিত করেছেন- **অর্থনীতিবিদ সোলসম্যান।**
- 'চুক্তি অনুসারে নিয়োগ কর্তা শ্রমিককে শ্রমের বিনিময়ে যে অর্থ প্রদান করে তাকে মজুরি বলে' উক্তিটি করেছেন- **অধ্যাপক বেনহাম।**
- এক দিন বা এক সপ্তাহে একজন শ্রমিকের যে মজুরি দেওয়া হয় তাকে বলে- **সময়ভিত্তিক মজুরি।**
- নির্দিষ্ট পরিমাণ কাজের জন্য যে মজুরি দেওয়া হয় তাকে বলে- **কর্মভিত্তিক মজুরি।**
- মজুরি দেওয়ার পদ্ধতি অনুসারে মজুরিকে কয় ভাগে ভাগ করা যায়- **দুইভাগে।**
- সাধারণভাবে মজুরি কয় প্রকার- **২ প্রকার।**
- কোনো নির্দিষ্ট পরিমাণ কাজের জন্য শ্রমিক যে পরিমাণ অর্থ পায় তাকে বলে- **আর্থিক মজুরি।**
- কোনো শ্রমিক তার আর্থিক মজুরি দিয়ে যে পরিমাণ দ্রব্য সামগ্রী ক্রয় করতে পারে তাকে বলে- **প্রকৃত মজুরি।**
- কোনো শ্রমিক ধনী না গরিব তার মাপকাঠি হলো- **প্রকৃত মজুরি।**
- 'কোনো শ্রমিক ধনী বা দরিদ্র, কম বা বেশি মজুরি পায়, তার বিচার আর্থিক মজুরি অনুপাতে হয় না, বরং প্রকৃত মজুরির অনুপাতে হয়' বলেছেন- **অ্যাডাম স্মিথ।**
- ভিন্ন ভিন্ন পেশায় নিযুক্ত শ্রমিকদের একইরূপ কর্ম ক্ষমতা ও শিক্ষাগত যোগ্যতা থাকা সত্ত্বেও মজুরি হারে পার্থক্য থাকলে তাকে বলে- **মজুরির উলম্ব তারতম্য।**
- একই পেশায় নিযুক্ত শ্রমিকের দক্ষতার তারতম্যের কারণে মজুরির হারের পার্থক্য থাকলে তাকে বলে- **অনুভূমিক তারতম্য।**

### ☑ গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

১. শ্রমের মজুরি নির্ধারিত হয় কীভাবে?
ⓚ শ্রমের চাহিদা = শ্রমের যোগান
ⓚ শ্রমের চাহিদা > শ্রমের যোগান
ⓖ শ্রমের চাহিদা ≥ শ্রমের যোগান
ⓖ শ্রমের চাহিদা < শ্রমের যোগান

২. শ্রমের যোগান কয়টি বিষয়ের ওপর নির্ভর করে?
ⓚ ২টি ⓚ ৩টি ⓖ ৪টি ⓖ ৫টি

৩. একজন শ্রমিক নির্দিষ্ট সময় শ্রম দেওয়ার জন্য যে পারিশ্রমিক লাভ করে তাকে কী বলে?
ⓚ সাধারণ মজুরি ⓚ আর্থিক মজুরি
ⓖ প্রকৃত মজুরি ⓖ বিশেষ মজুরি

৪. মজুরির সংকেত কী?
ⓚ T ⓚ R ⓖ W ⓖ TR

৫. যুক্তরাষ্ট্র, ইংল্যান্ড, ফ্রান্স, জার্মানি ইত্যাদি উন্নত দেশে উৎপাদনের পরিমাণ ও মান দুটোই বেশি হওয়ার পেছনে কোন কারণটি কাজ করছে?
ⓚ শ্রমের যোগান ⓚ শ্রমের দক্ষতা
ⓖ সংগঠন ⓖ শিক্ষিত জনগোষ্ঠী

৬. বাংলাদেশের শ্রমিকদের শারীরিক ও মানসিক শক্তি কম হওয়ার কারণ কী?
ⓚ জলবায়ুর কারণে ⓚ সামাজিক অস্থিরতা
ⓖ জীবনযাত্রার নিম্নমান ⓖ কারখানার পরিবেশ

৭. শ্রমিকদের স্বার্থ রক্ষার্থে কী করতে হবে?
ⓚ কল্যাণমূলক শ্রম আইন ⓚ দমনমূলক আইন
ⓖ শ্রমিক সংঘ নিষিদ্ধ ⓖ শ্রমিক রাজনীতি নিষিদ্ধ

৮. কোন খাতে মোট শ্রমশক্তি সর্বাধিক নিয়োজিত?
ⓚ শিল্প খাত ⓚ কৃষি খাত
ⓖ সেবা খাত ⓖ বাণিজ্য খাত

৯. বর্তমানে বাংলাদেশের ৭০%-এর বেশি প্রবাসী শ্রমিক কোন দেশসমূহে কাজ করছে?
ⓚ ইউরোপীয় দেশসমূহে ⓚ আফ্রিকার দেশসমূহে
ⓖ ওশোনিয়ার দেশসমূহে ⓖ মধ্যপ্রাচ্যের দেশসমূহে

১০. শ্রমের যোগান রেখা কখন বামদিকে ঊর্ধ্বগামী হয়?
ⓚ যখন মজুরি কমে
ⓚ যখন মজুরি বাড়ে
ⓖ যখন শ্রমিক বেকার হয়ে পড়ে
ⓖ যখন অর্থনীতিতে চাঙ্গাভাব থাকে

১১. শ্রমের আর্থিক দামকে কী বলে?
ⓚ আয় ⓚ রাজস্ব ⓖ মজুরি ⓖ শ্রম দাম

১২. নিচের কোনটিকে একটি গ্রহণযোগ্য সূচক হিসেবে গণ্য করা যায়?
ⓚ আর্থিক মজুরি ⓚ প্রকৃত মজুরি
ⓖ বেতন ⓖ মাসিক মজুরি

১৩. অন্যান্য অবস্থা অপরিবর্তিত থাকলে মজুরি বৃদ্ধি পেলে শ্রমের যোগান–
ⓚ বৃদ্ধি পায় ⓚ হ্রাস পায়
ⓖ শূন্য হয় ⓖ অসম হয়

১৪. মজুরি কত প্রকার?
ⓚ ৩ প্রকার ⓚ ৪ প্রকার ⓖ ২ প্রকার ⓖ ৫ প্রকার

১৫. বর্তমানে কৃষিতে কত ভাগ শ্রমিক নিয়োজিত আছে?
ⓚ ৬০% ⓚ ৬৩% ⓖ ৪৫% ⓖ ৭০%

১৬. শ্রম উৎপাদনের কততম উপাদান?
ⓚ ১ম ⓚ ২য় ⓖ ৩য় ⓖ ৪র্থ

১৭. বাংলাদেশের শিক্ষার হার তুলনামূলক—
ⓚ কম ⓚ বেশি ⓖ শূন্য ⓖ অসীম

১৮. অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত হলো–
ⓚ শিক্ষা ⓚ স্বাস্থ্য
ⓖ মানবসম্পদ উন্নয়ন ⓖ বাণিজ্য উন্নয়ন

উত্তরপত্র

৩১. গ | ৩২. ঘ | ❖ | ১. ক | ২. ক | ৩. খ | ৪. গ | ৫. খ | ৬. গ | ৭. ক | ৮. খ | ৯. ঘ | ১০. খ | ১১. গ | ১২. খ | ১৩. ক | ১৪. গ | ১৫. গ | ১৬. ঘ | ১৭. ক | ১৮. গ

## অধ্যায়-০৬ : মূলধন

### ☑ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ⊙ উৎপাদনের যে অংশ পুনরায় উৎপাদন কাজে ব্যবহৃত হয় তাকে বলা হয়- **মূলধন**।
- ⊙ যেসব মূলধন উৎপাদন কাজে বার বার ব্যবহার করা হলেও এর আকার-আকৃতির পরিবর্তন হয় না তাকে- **স্থায়ী মূলধন বলে**।
- ⊙ মূলধনের স্থানান্তরকে বলা হয়- **মূলধনের গতিশীলতা**।
- ⊙ সুদের হার কমলে মূলধন গঠনের পরিমাণ- **কমবে**।
- ⊙ যে মূলধন কাঁচামাল ক্রয়ের ব্যবহার করা হয় তাকে- **ঘূর্ণায়মান মূলধন বলে**।
- ⊙ জাতীয় মূলধন হলো- **দেশপ্রেম, কঠোর পরিশ্রমের মনোভাব, পোস্ট অফিস ও বন্দরসমূহ**।
- ⊙ ভাসমান মূলধন-যে কোনো জায়গায় ব্যবহার করা যায়। যেমন : বিদ্যুৎ, কয়লা ও যানবাহন।
- ⊙ মূলধন যোগানের উৎস- **২টি**।
- ⊙ যে মূলধন একবার ব্যবহার করলেই নিঃশেষ হয়ে যায় তাকে বলে- **চলতি মূলধন**।
- ⊙ মালিকানারভিত্তিতে মূলধনকে ভাগ করা যায়- **৪ ভাগে**।
- ⊙ ব্রিটিশ অর্থনীতিবিদ কেয়ার্নক্রস মূলধনের তিনটি রূপের কথা বলেছেন, যথা- বস্তুগত মূলধন, অর্থকরী মূলধন, ঋণ মূলধন।
- ⊙ মূলধন গঠন পদ্ধতি তিন ভাবে হতে পারে, যেমন- সঞ্চয় সৃষ্টি, সঞ্চয়কে আহরণ, সঞ্চয়কে বিনিয়োগ করা।

### ☑ গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

১. **মূলধন হলো উৎপাদনের উৎপাদিত উপাদান—উক্তিটি কার?**
ক এ. মার্শাল খ এল. রবিন্স
গ এ. সি. পিগু ঘ বম-বাওয়ার্ক

২. **কোনটি স্থায়ী মূলধন নয়?**
ক কারখানা ও তার মূল যন্ত্রপাতি
খ কারখানার জন্য ব্যবহৃত দালান
গ কারখানার বৈদ্যুতিক সরঞ্জাম
ঘ সংশ্লিষ্ট শিল্পে কাঁচামাল

৩. **মূলধন গঠনের উপায় কয়টি?**
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

৪. **কোনটি বেশি হলে দেশে মূলধন গঠনের পরিমাণও বেশি হয়?**
ক সঞ্চয় খ বিনিয়োগ গ ভোগ ঘ উৎপাদন

৫. **রংপুর, কুড়িগ্রাম প্রচুর পাট উৎপাদন হয়। পাটের বীজ কোন ধরনের মূলধন?**
ক চলতি মূলধন খ অস্থায়ী মূলধন
গ আবদ্ধ মূলধন ঘ সম্পত্তিগত মূলধন

৬. **মূলধনের গতিশীলতার ওপর প্রভাব বিস্তারকারী উপাদানগুলোর মধ্যে অন্যতম কোনটি?**
ক মূলধনের চাহিদা খ মূলধনের যোগান
গ মূলধনের প্রকৃতি ঘ মূলধনের, দ্রব্যের দাম

৭. **মূলধন গঠনের শেষ পর্যায় কোনটি?**
ক আর্থিক সঞ্চয়, সংগ্রহ খ সঞ্চয়কে মূলধনে রূপান্তর
গ সামাজিক মর্যাদা লাভ ঘ আর্থিক সঞ্চয় সৃষ্টি

৮. **কল-কারখানার যন্ত্রপাতি কোন ধরনের মূলধন?**
ক চলতি মূলধন খ স্থায়ী মূলধন
গ ভাসমান মূলধন ঘ নিমজ্জমান মূলধন

৯. **সঞ্চয় কী?**
ক আয় – ভোগ খ আয় – বিনিয়োগ
গ ব্যয় + বিনিয়োগ ঘ আয় + ভোগ

১০. **মূলধন গঠন করা হয় কীভাবে?**
ক ভোগের মাধ্যমে খ সঞ্চয়ের মাধ্যমে
গ ঋণের মাধ্যমে ঘ ব্যয়ের মাধ্যমে

১১. **যে মূলধন একবার ব্যবহারে নিঃশেষ হয় তাকে কী বলে?**
ক স্থায়ী মূলধন খ চলতি মূলধন
গ আবদ্ধ মূলধন ঘ নিমজ্জমান মূলধন

## অধ্যায়-০৭ : সংগঠন

### ☑ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ⊙ সংগঠন শব্দটির ইংরেজি প্রতিশব্দ- **Organization.**
- ⊙ ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন হলো- **উৎপাদনের ৪টি উপাদান**।
- ⊙ ভূমি, শ্রম ও মূলধনকে একত্র করে তাদের মধ্যে সমন্বয় সাধন করাই হলো- **সংগঠন**।
- ⊙ সরকারি মালিকানায় পরিচালিত প্রতিষ্ঠানই হলো- **সরকারি প্রতিষ্ঠান**।
- ⊙ সরকারি প্রতিষ্ঠান- **দুই প্রকার**।
- ⊙ ব্যাংক-বিমা, শিল্পকারখানা ইত্যাদি হলো- **সরকারি ব্যবসায়িক প্রতিষ্ঠান**।
- ⊙ সরকারি জনকল্যাণমূলক প্রতিষ্ঠান হলো- **ডাক বিভাগ, টেলিভিশন, রেলওয়ে, বিদ্যুৎ ইত্যাদি**।
- ⊙ ব্যক্তি উদ্যোগে পরিচালিত প্রতিষ্ঠানকে বলে-**বেসরকারি প্রতিষ্ঠান**।
- ⊙ বেসরকারি প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য- **মুনাফা অর্জন**।
- ⊙ ধনতান্ত্রিক অর্থ ব্যবস্থা যে নীতির পক্ষে- **বেসরকারিকরণ**।
- ⊙ মালিকানার প্রকৃতি, গঠন পদ্ধতি ও কার্যক্রমের ভিত্তিতে প্রতিষ্ঠান- **৪ প্রকার**।
- ⊙ কিছু লোক স্বেচ্ছায় একত্র হয়ে কোনো প্রতিষ্ঠান গড়ে তুললে তাকে বলে- **সমবায় প্রতিষ্ঠান**।
- ⊙ "সকলের তরে সকলে আমরা, প্রত্যেকে মোরা পরের তরে" যে ধরনের প্রতিষ্ঠানের মূলনীতি- **সমবায় প্রতিষ্ঠান**।
- ⊙ যে ধরনের কারবার পুঁজিবাদী ব্যবস্থার ত্রুটি দূর করে- **সমবায় কারবার**।
- ⊙ যে ধরনের কারবারে মধ্যস্বত্বভোগীদের প্রাধান্য লোপ পায়- **সমবায় কারবার**।
- ⊙ যে সকল সরকারি প্রতিষ্ঠান সরকার নিজে পরিচালনা করে তাকে বলে- **রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান**।

### ☑ গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

১. **কোন কোম্পানি পরিচালনার জন্যে কমপক্ষে ২ জন পরিচালক থাকতে হবে?**
ক একমালিকানা খ অংশীদারি
গ প্রাইভেট লিমিটেড ঘ পাবলিক লিমিটেড

২. **কারা পাবলিক লিমিটেড কোম্পানির মালিক?**
ক পরিচালকগণ খ কর্মীগণ
গ শেয়ারহোল্ডারগণ ঘ জনসাধারণ

**উত্তরপত্র**

| |
|---|
| ১. ঘ |
| ২. খ |
| ৩. খ |
| ৪. ক |
| ৫. ক |
| ৬. গ |
| ৭. খ |
| ৮. খ |
| ৯. ক |
| ১০. খ |
| ১১. খ |
| ❖ |
| ১. গ |
| ২. গ |

৩. বাংলাদেশ বিমান একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। এটির লাভ কোথায় জমা হবে?
ক সরকারি তহবিলে খ কেন্দ্রীয় ব্যাংকে
গ সমবায় সমিতিতে ঘ রাষ্ট্রীয় সংগঠন

৪. সরকার জনগণের নিকট থেকে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মূলধন সংগ্রহ করতে পারেন কীভাবে?
ক শেয়ার বিক্রি করে খ চাঁদা আদায় করে
গ কর আদায় করে ঘ ঋণপত্র ক্রয় করে

৫. কোন প্রতিষ্ঠানের সনদ ব্যতীত কোনো প্রতিষ্ঠান ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করতে পারে না?
ক এনজিও ব্যুরো
খ মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি
গ সমাজকল্যাণ মন্ত্রণালয়
ঘ অর্থমন্ত্রণালয়

৬. বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম বেসরকারি সংস্থা কোনটি?
ক প্রশিকা খ আশা
গ ব্র্যাক ঘ গ্রামীণ ব্যাংক

৭. CARE-এর পূর্ণরূপ হলো কোনটি?
ক Co-operative for Assistance And Relief Every where (CARE)
খ Commission and Relief Every where (CARE)
গ Care And Relief Every where (CARE)
ঘ Co-operative and Relief Every where (CARE)

৮. যৌথ মূলধনী কারবার প্রথমে কোথায় চালু হয়?
ক ব্রিটেনে খ আমেরিকায়
গ ফ্রান্সে ঘ জার্মানে

৯. ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠান পরিচালনা করেন কে?
ক মালিকগণ খ উদ্যোক্তা
গ শ্রমিকরা ঘ প্রশাসন

১০. কে উদ্যোক্তাকে 'শিল্পাধিনায়ক' বলেছেন?
ক হ্যানি খ এল রবিন্স
গ স্যামুয়েলসন ঘ মার্শাল

১১. উৎপাদনের জন্য সর্বশেষ উপাদান কোনটি?
ক সংগঠন খ ভূমি গ শ্রম ঘ মূলধন

১২. একজন উদ্যোক্তার মূল উদ্দেশ্য কী?
ক উদ্যোগ গ্রহণ করা খ বাজার সৃষ্টি করা
গ সর্বাধিক মুনাফা অর্জন করা ঘ ঝুঁকি গ্রহণ করা

১৩. কোনটি একমালিকানা ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্র?
ক রেস্টুরেন্ট খ পাঁচ তারকা হোটেল
গ কয়লা উত্তোলন ঘ ইস্পাত তৈরি

১৪. নিজস্ব ব্যবস্থাপনা কোন ব্যবসায় সংগঠনের বৈশিষ্ট্য?
ক একমালিকানা খ অংশীদারি
গ যৌথ মূলধনী ঘ সমবায়

১৫. অংশীদারি কারবারে সর্বাধিক কত জন অংশীদার থাকতে পারে?
ক ১৬ জন খ ১৮ জন গ ২০ জন ঘ ২২ জন

১৬. ব্যাংকিং অংশীদারি কারবারে সর্বোচ্চ কত জন সদস্য সংখ্যা প্রয়োজন?
ক ২ জন খ ৫ জন গ ১০ জন ঘ ২০ জন

১৭. অংশীদারি ব্যবসায় গঠনের জন্য নিচের কোনটি অপরিহার্য?
ক স্থায়িত্ব খ চুক্তিপত্র
গ অস্তিত্ব ঘ আইনগত সত্ত্বা

১৮. অংশীদারি ব্যবসায়ে কখন আস্থা সংকট দেখা দেয়?
ক সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হলে
খ চুক্তি লিখিত না হলে
গ মুনাফা কম হলে
ঘ পারস্পরিক বিশ্বাসযোগ্যতা হারালে

১৯. বর্তমানে বাংলাদেশের কোম্পানি আইন কত সালের?
ক ১৯৯৪ খ ১৯৯৮ সালের
গ ১৯১৩ সালের ঘ ১৯১০ সালের

২০. বাংলাদেশে এনজিও-এর কর্মক্ষেত্র কোনটি?
ক প্রতিরক্ষা খ স্বরাষ্ট্র
গ প্রাথমিক শিক্ষা ঘ বিদ্যুৎ বিতরণ

২১. সংগঠকের সবচেয়ে প্রধান কাজ কোনটি?
ক ঝুঁকি গ্রহণ খ বাজারজাতকরণ
গ উপকরণ সংগ্রহ ঘ মূলধন সংগ্রহ

২২. বর্তমানে অর্থনৈতিক অবস্থা কীরূপ আকার ধারণ করেছে?
ক সরল খ জটিল গ বৃহৎ ঘ অসম্পূর্ণ

**উত্তরমালা**

| | |
|---|---|
| ৩. খ | ৪. ক |
| ৫. গ | ৬. ক |
| ৭. ক | ৮. ক |
| ৯. খ | ১০. ঘ |
| ১১. ক | ১২. গ |
| ১৩. ক | ১৪. ক |
| ১৫. গ | ১৬. গ |
| ১৭. খ | ১৮. ঘ |
| ১৯. ক | ২০. গ |
| ২১. ক | ২২. খ |

## অধ্যায়-০৮ : খাজনা

### গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সাধারণ অর্থে খাজনা বলতে বোঝায়- **ভূমির জন্য ভূমির মালিককে প্রদেয় অর্থ।**
- ভূমি ও অন্যান্য প্রাকৃতিক সম্পদের জন্য তার মালিককে যা প্রদান করা হয়- **খাজনা।**
- 'ভূমি ও অন্যান্য প্রাকৃতিক সম্পদ থেকে যে আয় হয় তাকে খাজনা বলে' উক্তিটি- **অধ্যাপক মার্শালের।**
- "ভূমির আদি ও অক্ষয় শক্তি ব্যবহারের জন্য উৎপাদনের যে অংশ ভূমির মালিককে দেওয়া হয় তাকে খাজনা বলে" বলেছেন- **ডেভিড রিকার্ডো।**
- আধুনিক অর্থনীতিবিদদের মতে, খাজনা হলো- **উদ্বৃত্ত আয়।**
- খাজনার উদ্ভবের কারণ- **অস্থিতিস্থাপকতা।**
- খাজনা- **২ প্রকার।**
- খাজনা তত্ত্বের জনক- **ডেভিড রিকার্ডো।**
- শুধু জমি ব্যবহারের জন্য যে খাজনা দেওয়া হয় তাকে কী বলে- **নিট খাজনা।**
- নিট খাজনার অন্য নাম- **অর্থনৈতিক খাজনা।**
- জমির মালিক কোনো পরিশ্রম ছাড়াই অতিরিক্ত যে আয় করে তাকে বলে- **অনুপার্জিত আয়।**
- মানুষের তৈরি উৎপাদনের সাজ-সরঞ্জাম ও মূলধন দ্রব্যসামগ্রী হতে স্বল্পকালে যে আয় পাওয়া যায় তাকে বলে- **নিম খাজনা বা উপ-খাজনা।**
- নিম খাজনার প্রবর্তক- **অধ্যাপক মার্শাল।**
- খাজনাকে উৎপাদকের উদ্বৃত্ত বলেছেন- **ডেভিড রিকার্ডো।**
- প্রান্তিক জমির খাজনা- **শূন্য হয়।**

- অপেক্ষাকৃত উৎকৃষ্ট জমির খাজনা অপেক্ষাকৃত নিকৃষ্ট জমির খাজনা অপেক্ষা– বেশি।
- খাজনা হলো– দামের ফল।
- 'খাজনা উৎপাদন ব্যয়ের অংশ' কোন অর্থনীতিবিদদের ধারণা– আধুনিক অর্থনীতিবিদ।
- জনসংখ্যা বৃদ্ধি পেলে– খাজনা বাড়ে।
- জনসংখ্যা হ্রাস পেলে– খাজনা হ্রাস পায়।

## গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

১. জমি ব্যবহারের জন্য তার স্বত্বাধিকারীকে যে অর্থ প্রদান করা হয় তাকে কী বলে?
(ক) খাজনা (খ) মজুরি (গ) সুদ (ঘ) লাভ

২. মার্শালের মতে স্বল্পকালে মানবসৃষ্ট উপকরণের স্বাভাবিক অপেক্ষা অতিরিক্ত যে আয় অর্জিত হয় তাকে কী বলে?
(ক) খাজনা (খ) নিম খাজনা
(গ) মোট খাজনা (ঘ) নিট খাজনা

৩. নিচের কোনটি ঠিক?
(ক) নিম খাজনা = মোট আয় – মোট স্থির ব্যয়
(খ) নিম খাজনা = মোট আয় – মোট ব্যয়
(গ) নিম খাজনা = মোট আয় – মোট পরিবর্তনীয় ব্যয়
(ঘ) নিম খাজনা = মোট আয় – মোট খাজনা

৪. 'The Principles of Political Economy and Taxation' গ্রন্থটির লেখক কে?
(ক) আলফ্রেড হেগ (খ) ডি. সলডেটর
(গ) লর্ড কেইন্স (ঘ) ডেভিড রিকার্ডো

৫. ডেভিড রিকার্ডো খাজনা উদ্ভবের কারণ হিসেবে কোনটিকে দেখিয়েছে?
(ক) ভূমির সুযোগ ব্যয় (খ) ভূমির উচ্চ মূল্য
(গ) ভূমির উর্বরতার পার্থক্য (ঘ) প্রকৃতির বদান্যতা

৬. কেবল ভূমি ব্যবহারের জন্যে কোন খাজনা দেওয়া হয়?
(ক) মোট খাজনা (খ) নিট খাজনা
(গ) নিম খাজনা (ঘ) উপ খাজনা

৭. 'The Principle of Political Economy and Taxation' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?
(ক) ১৭৮০ সালে (খ) ১৮০০ সালে
(গ) ১৮১৭ সালে (ঘ) ১৯১৭ সালে

৮. রিকার্ডো তার তত্ত্বে খাজনা উদ্ভবের কয়টি কারণ উল্লেখ করেন?
(ক) ২টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৫টি

৯. "দাম খাজনাকে প্রভাবিত করে না" উক্তি কার?
(ক) আধুনিক অর্থনীতিবিদের মতে
(খ) রিকার্ডোর মতে
(গ) মার্শাল মতে (ঘ) হেনরি জর্জের মতে

১০. যখন জমির খাজনা শূন্য হয় তখন ভূমির যোগান কেমন থাকে?
(ক) ভূমির যোগান শূন্য (খ) ভূমির যোগান অসীম
(গ) ভূমির যোগান স্থির (ঘ) ভূমির যোগান সসীম

১১. Rent does not enter into price-কে বলেছেন?
(ক) রিকার্ডো (খ) পি. এ. স্যামুয়েলসন
(গ) মার্শাল (ঘ) এডাম স্মিথ

১২. ঘরবাড়ি, যন্ত্রপাতি প্রভৃতির আয়কে কী খাজনা বলা হয়?
(ক) মোট খাজনা (খ) চুক্তিবদ্ধ খাজনা
(গ) নিম খাজনা (ঘ) অর্থনৈতিক খাজনা

১৩. আমজাদের মোট খাজনা থেকে সুদ, মজুরি ও মুনাফা বাদ দিলে যা অবশিষ্ট থাকে তাই খাজনা, এ খাজনার সাথে কোনটির সাদৃশ্য রয়েছে?
(ক) মোট খাজনা (খ) বিশুদ্ধ খাজনা
(গ) চুক্তিবদ্ধ খাজনা (ঘ) অর্থনৈতিক খাজনা

১৪. 'খাজনা মূল্য নির্ধারণ করে না বরং মূল্য দ্বারা নির্ধারিত হয়' —এ বিষয়টিতে আধুনিক অর্থনীতিবিদরা কার সাথে একমত?
(ক) মার্শাল (খ) স্যামুয়েলসন
(গ) ভেক্টর (ঘ) রিকার্ডো

১৫. স্বল্পকালে কোন খাজনার উদ্ভব হয়?
(ক) নিম খাজনা (খ) মোট খাজনা
(গ) নিট খাজনা (ঘ) মোট খাজনা

১৬. রিকার্ডোর মতে, কোন জমির খাজনা দিতে হয় না?
(ক) প্রান্তিক (খ) মধ্যম (গ) উচ্চ (ঘ) নিম্ন

১৭. খাজনাবিহীন জমি বলতে বোঝায়?
(ক) প্রান্তিক জমি (খ) খাস জমি
(গ) তৃতীয় শ্রেণির জমি (ঘ) TC = TC হয় সে জমিতে

১৮. কোন মতবাদে বলা হয়– 'খাজনা দামের অংশ নয়'?
(ক) রিকার্ডীয় মতবাদে (খ) আধুনিক মতবাদে
(গ) ক্লাসিক্যাল মতবাদে (ঘ) নিও ক্লাসিক্যাল মতবাদে

১৯. ক্ল্যাসিক্যাল অর্থনীতিবিদদের মতে কোনটি একমাত্র উপাদান যার যোগান সম্পূর্ণ সীমাবদ্ধ ও অস্থিতিস্থাপক?
(ক) শ্রম (খ) মূলধন (গ) ভূমি (ঘ) যন্ত্রপাতি

২০. জমি ব্যবহারের জন্য যে অর্থ দেওয়া হয় তার সম্পূর্ণটাই–
(ক) খাজনা (খ) ভাড়া
(গ) খাজনা নয় (ঘ) আয়

২১. কোন অর্থনীতিবিদরা 'খাজনা' শব্দটি কেবল ভূমির ক্ষেত্রে প্রয়োজন মনে করেন না?
(ক) ক্ল্যাসিক্যাল (খ) নিউ ক্ল্যাসিক্যাল
(গ) গতানুগতিক (ঘ) আধুনিক

২২. ভূমিতে নিচের কোন বিধিটি বিশেষভাবে কার্যকর?
(ক) ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
(খ) ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
(গ) ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি
(ঘ) ক্রমবর্ধমান প্রান্তিক উপযোগ বিধি

২৩. খাজনা দেওয়ার পেছনে অন্যতম প্রধান কারণ হিসেবে দেখা হয় কোনটিকে?
(ক) ভূমির সীমাবদ্ধতা (খ) ভোক্তার আচরণ
(গ) মালিকের চাপ (ঘ) সরকারের নীতিমালা

২৪. খাজনা কত প্রকার?
(ক) ২ প্রকার (খ) ৩ প্রকার
(গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার

**উত্তরপত্র**

১. ক | ২. খ | ৩. গ | ৪. ঘ | ৫. গ | ৬. খ | ৭. গ | ৮. খ | ৯. খ | ১০. গ | ১১. ক | ১২. খ | ১৩. খ | ১৪. ঘ | ১৫. ক | ১৬. ক | ১৭. ক | ১৮. ক | ১৯. গ | ২০. গ | ২১. ঘ | ২২. খ | ২৩. ক | ২৪. ক

CamScanner

২৫. নিচের কোন ধরনের খাজনার মধ্যে বিভিন্ন উপাদান মিশ্রিত থাকে?
ⓚ নিট খাজনা ⓛ মোট খাজনা
ⓜ বিনিময় খাজনা ⓝ মূলধনী খাজনা

২৬. নিচের কোনটিকে অর্থনৈতিক খাজনা বলা হয়?
ⓚ মোট খাজনা ⓛ নিট খাজনা
ⓜ গড় খাজনা ⓝ নগদ খাজনা

২৭. নিট খাজনা + মূলধনের সুদ + তত্ত্বাবধানের মজুরি + ঝুঁকি বহনে মুনাফা = ?
ⓚ মোট খাজনা ⓛ অর্থনৈতিক খাজনা
ⓜ সরকারি খাজনা ⓝ কোনোটিই নয়

## ☑ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নোত্তর রিচার্স

২৮. খাজনা তত্ত্বের প্রবর্তক কে? [N.U. 10-11]
ⓚ অ্যাডাম স্মিথ ⓛ বেনথাম
ⓜ জন স্টুয়ার্ট মিল ⓝ রিকার্ডো

## অধ্যায়-০৯ : সামগ্রিক আয় ও ব্যয়

## ☑ গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- কোনো নির্দিষ্ট সময়ে সাধারণত এক বছরে একটি দেশের জনগণের আর্থিক কর্মকাণ্ডের ফলে উৎপাদিত চূড়ান্ত দ্রব্য সামগ্রীর অর্থমূল্যকে কী বলে– **জাতীয় আয়।**
- জাতীয় আয়কে কয়টি দৃষ্টিকোণ থেকে সংজ্ঞায়িত করা যায়– **তিনটি।**
- খাজনা, মজুরি, সুদ ও মুনাফা যোগ করলে পাওয়া যায়– **জাতীয় আয়।**
- একটি দেশের অর্থনৈতিক অবস্থার মানদণ্ড– **জাতীয় আয়।**
- জাতীয় উৎপাদন অপেক্ষা আর্থিক জাতীয় আয় বেশি হলে– **মুদ্রাস্ফীতি হয়।**
- কোনো দেশে একটি নির্দিষ্ট সময়ে চূড়ান্তভাবে যে পরিমাণ দ্রব্য সামগ্রী উৎপাদিত হয় তার সমষ্টিকে বলে– **মোট জাতীয় উৎপাদন।**
- মোট জাতীয় উৎপাদনকে সংক্ষেপে কী বলে– **GNP।**
- জাতীয় আয় থেকে মোট পরোক্ষকর বাদ দিলে পাওয়া যায়– **ব্যয় যোগ্য আয়।**
- মোট জাতীয় আয় থেকে ক্ষয়ক্ষতিজনিত ব্যয় বাদ দিলে পাওয়া যায়– **নিট জাতীয় আয়।**
- নিট জাতীয় উৎপাদনের অর্থমূল্যকে বলে– **নিট জাতীয় আয়।**
- নিট জাতীয় আয়কে সংক্ষেপে বলে– **NNI।**
- বাংলাদেশে চাকরি ও ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে জাতীয় আয় পরিমাপ করা হয়– **আয় পদ্ধতিতে।**
- মোট দেশজ উৎপাদনকে সংক্ষেপে বলা হয়– **GDP।**
- কোনো দেশের প্রকৃত অর্থনৈতিক অবস্থা নির্ধারিত হয়– **নিট দেশজ উৎপাদন দ্বারা।**
- প্রত্যেক ব্যক্তি স্বপ্রচেষ্টায় যে অর্থ আয় করে তাকে বলে– **ব্যক্তিগত আয়।**
- ব্যক্তিগত আয় থেকে বিভিন্ন কর বাদ দিলে পাওয়া যায়– **ব্যয়যোগ্য আয়।**
- জাতীয় আয় পরিমাপের পদ্ধতি– **৩টি।**
- দেশের সব লোকের আয় হিসাব করে জাতীয় আয় পরিমাপ করা হলে তাকে বলে– **আয় পদ্ধতি।**
- ব্যয়ের সমষ্টি নিয়ে যে জাতীয় আয় নির্ণয় করা হয় তাকে বলে– **ব্যয় পদ্ধতি।**
- জমির জন্য প্রদেয় অর্থকে বলে– **খাজনা।**
- শ্রমের জন্য প্রদেয় অর্থকে বলে– **মজুরি।**
- মূলধনের জন্য প্রদেয় অর্থকে বলে– **সুদ।**
- সংগঠনের প্রাপ্য অর্থ হলো– **মুনাফা।**
- জাতীয় আয় একটি– **দ্বিমুখী প্রবাহ।**

## ☑ গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

১. কোন ভোগ ব্যয় আয় থেকে স্বাধীন?
ⓚ প্ররোচিত ভোগ ব্যয় ⓛ স্বয়ম্ভূত ভোগ ব্যয়
ⓜ ভোগ্য পণ্য আয়ের জন্য ব্যয় ⓝ সরকারি ভোগ ব্যয়

২. সঞ্চয় কোন বিষয়ের উপর নির্ভর করে?
ⓚ ভোগ ⓛ বিনিয়োগ
ⓜ সঞ্চয় ⓝ মূলধন

৩. বিদেশে অবস্থানরত দেশীয় নাগরিকদের অর্জিত আয় সামগ্রিক আয়ের কোন ধারণার অন্তর্ভুক্ত হয় না?
ⓚ জিএনআই ⓛ জিডিপি
ⓜ এনএনআই ⓝ মাথাপিছু আয়

৪. GDP হিসাবের সময় কোন বিষয়টি অন্তর্ভুক্ত হয় না?
ⓚ প্রবাসীদের আয় ⓛ বিদেশিদের আয়
ⓜ দেশের অভ্যন্তরে প্রাপ্ত অনুদান
ⓝ বাণিজ্য উদ্বৃত্ত

৫. সঞ্চয়ের সূত্র কোনটি?
ⓚ Y = C + I ⓛ S = Y – C
ⓜ S = Y – I ⓝ S + Y + C

৬. একটি দেশের অর্থনৈতিক অবস্থা সম্পর্কে প্রাথমিক ধারণা পাওয়া যায় কী থেকে?
ⓚ সামগ্রিক আয় ⓛ সামগ্রিক ব্যয়
ⓜ ব্যক্তিগত আয় ⓝ ব্যবসায়িক আয়

৭. কর্পোরেট মুনাফার তিনটি বণ্টিত অংশ কোথায় অন্তর্ভুক্ত করা হয়?
ⓚ জিএনআই-তে ⓛ জিডিপি-তে
ⓜ সামগ্রিক আয়ে ⓝ এনএনআই-তে

৮. দেশজ উৎপাদনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয় কোনটি?
ⓚ ভৌগোলিক সীমানা ⓛ জাতীয়তা
ⓜ প্রাকৃতিক সম্পদ ⓝ খনিজ সম্পদ

৯. কোনটির দ্বারা মোট জাতীয় আয় প্রকাশ করা হয়?
ⓚ GDP ⓛ GNI ⓜ NNP ⓝ NDP

১০. সাভারের মোমিন আবুধাবির একটি কোম্পানিতে চাকরি করেন। তার এদেশের জাতীয় আয়ের নিম্নোক্ত কোন ক্ষেত্রে যোগ হবে?
ⓚ জিডিপি ⓛ এনএনপি
ⓜ জিএনপি ⓝ এনআই

১১. মোট জাতীয় উৎপাদন থেকে ক্ষয়ক্ষতিজনিত ব্যয় বাদ দিলে যা থাকে তাকে কী বলে?
ⓚ জাতীয় আয় ⓛ মোট জাতীয় আয়
ⓜ নিট জাতীয় আয় ⓝ নিট আয়

উত্তরপত্র: ২৫. ক ২৬. খ ২৭. ক ২৮. ঘ ❖ ১. খ ২. ক ৩. খ ৪. ক ৫. খ ৬. ক ৭. গ ৮. ক ৯. খ ১০. গ ১১. গ

CamScanner

১২. জিএনআই-এর ধারণা কোনটির চেয়ে বৃহৎ?
ক এনএনপির খ এনএনআই-এর
গ জিডিপির ঘ জিএনপির

১৩. ব্যয় পদ্ধতিতে জাতীয় আয় কী?
ক ভোগ + কর্টন + বিনিয়োগ + নিট রফতানি (রফতানি -- আমদানি)
